

নং- এনআইএলএম-আরসি/প্রশাসন/শূণ্যপদ পূরণ/২০২৬-

তারিখ:

নিয়োগপত্র

ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টারের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" অনুযায়ী অত্র প্রতিষ্ঠানের রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে জাতীয় বেতন স্কেল ২০২৬-এর টাকা: ২১,৯০০-৫২,৯০০/- (১৬তম গ্রেড) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে অপেক্ষমান মেধা তালিকা হতে শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

অপেক্ষমান ক্রমিক	রোল নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
০৫	১৪০০৮৭০	নাম: জনাবা মোছাঃ মীম আক্তার পিতা: মোঃ আব্দুল আলীম মাতা: ছামিরন বেগম	গ্রাম/রাস্তাঃ বিল হরিবাড়ি, ডাকঘরঃ সাবগাড়ী-৬৪৫০, গুরুদাসপুর, নাটোর।
০৬	১৪০০৮৮৫	নাম: জনাবা ইসরাত জাহান রিনা পিতা: মোঃ খয়রাত হোসেন মাতা: মোছাঃ লিলি বেগম	গ্রাম/রাস্তাঃ পুটিমারী, ডাকঘরঃ কালীকাপুর-৫৩২০, কিশোরগঞ্জ, নীলফামারী।

২। শর্তাবলী:

- ২.১ যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকরিকাল গণ্য হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
- ২.২ নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য সনদ এবং ডোপটেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন/ডোপটেস্ট কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- ২.৩ চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরোত্তমার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;
- ২.৪ চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবেন। কোটায় নিয়োগপ্রাপ্তদের কোটার স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্র যাচাইঅন্তে সঠিক প্রমাণিত না হলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ২.৫ সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এবং চাকুরী সংক্রান্ত সকল বিধিবিধান মেনে চলতে হবে। বিধি বহির্ভূত কোন কর্মকান্ডে জড়িত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন;
- ২.৬ চাকরিতে প্রার্থীদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- ২.৭ প্রার্থী নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না মর্মে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প মুচলেকা যোগদানপত্রের সাথে জমা দিতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
- ২.৮ সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
- ২.৯ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী প্রয়োজনীয় সংযুক্তিসহ ০২ সেট)। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

অঃ পঃ দঃ

- ২.১০ চাকরির প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;
- ২.১১ এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ প্রক্রিয়া সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ২.১২ চাকরি হতে ইস্তফা দিতে হলে যে তারিখ হতে ইস্তফা দিবেন সে তারিখের ০১ (এক) মাস পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের সমপরিমাণ অর্থ সরকারি খাতে জমা দিতে হবে। বর্ণিত অর্থ প্রদানে অসম্মত হলে The Public Demand Recovery Act. 1913 অনুযায়ী তা আদায় করা হবে;
- ২.১৩ এ নিয়োগ সংক্রান্ত যে কোনো ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৩। উপর্যুক্ত শর্তাবলির আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে বর্ণিত প্রার্থীকে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ পূর্বাঙ্কে পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, শের-ই-বাংলা নগর, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে প্রার্থী যোগদান করবেন না বলে বিবেচিত হবেন এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

(অধ্যাপক ডাঃ হুমায়রা বিনতে আসাদ)

পরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার
শের-ই-বাংলা নগর, ঢাকা।

nilmrc@ld.dghs.gov.bd

নং- এনআইএলএম-আরসি/প্রশাসন/শূণ্যপদ পূরণ/২০২৬-৩১৭৪/১(১১)

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩৩
২৪ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সহকারী প্রোগ্রামার, এনআইএলএম-আরসি, শের-ই-বাংলা নগর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭. প্রশাসনিক কর্মকর্তা, এনআইএলএম-আরসি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮. হিসাব শাখা, এনআইএলএম-আরসি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯. জনাব/জনাবা.....।
১০. অফিস কপি।

(অধ্যাপক ডাঃ হুমায়রা বিনতে আসাদ)
পরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার
শের-ই-বাংলা নগর, ঢাকা।